

ডিআরপিএ বাস্তবায়নের নির্দেশক স্কেল

গ। পেশাজীবীদের সাথে মতবিনিময় সভা

জেলার পেশাজীবীদের সাথে মতবিনিময় সভার উদ্দেশ্য হ'ল ডিআরপিএ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে এবং বাস্তবায়নে সহায়তা করতে পারে এমন পেশাজীবীবৃন্দেরকে প্রশিক্ষিত করা। ডিআরপিএ বিষয়ে সচেতনতাবৃদ্ধিতে এবং বাস্তবায়নে সহায়তা করতে পারে এমন পেশাজীবীবৃন্দ যেমন: আইনজীবী, গবেষক, সাংবাদিক, মূলধারার মানবাধিকার কর্মীদের মতো পেশাজীবীবৃন্দের বর্তমান অবস্থা মূল্যায়ন করুন।

১ - জেলার বেশিরভাগ পেশাজীবীবৃন্দই ডিআরপিএ সম্পর্কে সচেতন নয় বা এটি সম্পর্কে জানতে আগ্রহী নয়।

২ - জেলার কিছু পেশাজীবী ডিআরপিএ বিদ্যমান থাকার ব্যাপারে অবগত আছেন এবং / অথবা তারা এ সম্পর্কে আরো জানতে আগ্রহী তবে তারা নির্দিষ্ট অধিকারগুলো কী তা জানেন না এবং তারা ডিআরপিএ কমিটিগুলো সম্পর্কেও জানেন না।

৩ - জেলার কিছু পেশাজীবী ডিআরপিএ বিদ্যমান থাকার বিষয়ে অবগত আছেন তবে তারা ডিআরপিএ দ্বারা স্বীকৃত পাঁচ বা ততোধিক অধিকারের নাম বা একাধিক কমিটির নাম বলতে সক্ষম নন।

৪ - জেলার কিছু পেশাজীবী ডিআরপিএ দ্বারা স্বীকৃত ৫টি বা ততোধিক অধিকারের নাম বলতে এবং একাধিক কমিটির নাম বলতেও সক্ষম, এবং ডিআরপিএ কর্তৃক স্বীকৃত অধিকার লক্ষণ করা উচিত নয় মর্মে একমত পোষণ করেন। তবে বাস্তবে তারা ডিপিওদের সহায়তা প্রদানের ক্ষেত্রে কিংবা ডিআরপিএ বাস্তবায়নে কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করেননি।

৫ - জেলার কিছু পেশাজীবী ডিআরপিএ দ্বারা স্বীকৃত ৫টি বা ততোধিক অধিকারের নাম বলতে এবং একাধিক কমিটির নাম বলতেও সক্ষম। তারা ডিপিওদেরকে সহযোগিতা করতে বা ডিআরপিএ অধিকার রক্ষায় অবদান রাখতে আগ্রহও পোষণ করেছেন। তবে বাস্তবে তারা তাদের প্রতিশ্রুতির প্রমাণ স্বরূপ ডিপিওসমূহকে সহায়তা প্রদান করেননি কিংবা ডিআরপিএ বাস্তবায়নে কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করেননি।

৬ - জেলার কিছু পেশাজীবীবৃন্দ ডিআরপিএ দ্বারা স্বীকৃত ৫টি বা ততোধিক অধিকারের নাম বলতে এবং একাধিক কমিটির নাম বলতেও সক্ষম। তারা ডিপিওদেরকে সহযোগিতা করতে বা ডিআরপিএ অধিকার রক্ষায় অবদান রাখতে আগ্রহও পোষণ করেছেন। তবে বাস্তবে তারা তাদের প্রতিশ্রুতির প্রমাণ স্বরূপ কোনো পদক্ষেপ গ্রহণে অনাগ্রহী। ডিপিওদের দ্বারা সৃষ্ট চাপের মুখে একান্ত বাধ্য হয়েই ডিপিওসমূহকে নূন্যতম সহায়তা প্রদান করেছেন কিংবা ডিআরপিএ বাস্তবায়নে কোন স্বল্প সংখ্যক পদক্ষেপ গ্রহণ করেছেন।

৭ - জেলার কিছু পেশাজীবীবৃন্দ ডিআরপিএ দ্বারা স্বীকৃত ৫টি বা ততোধিক অধিকারের নাম বলতে এবং একাধিক কমিটির নাম বলতেও সক্ষম। তারা ডিপিওদেরকে সহযোগিতা করতে বা ডিআরপিএ অধিকার রক্ষায় অবদান রাখতে আগ্রহও পোষণ করেছেন। তবে বাস্তবে তারা তাদের প্রতিশ্রুতির প্রমাণ স্বরূপ ডিপিওদের দ্বারা সৃষ্ট চাপের মুখে একান্ত বাধ্য হয়েই ডিপিওসমূহকে সহায়তা প্রদান করেছেন কিংবা ডিআরপিএ বাস্তবায়নে কোন পদক্ষেপ গ্রহণ করেছেন। তবে উক্তরূপ কাজের কোনো ফলোআপ করেননি।



৮ - জেলার কিছু পেশাজীবীবৃন্দ ডিআরপিএ দ্বারা স্বীকৃত অধিকাংশ অধিকারের নাম এবং ৫টি কমিটির নাম বলতে সক্ষম, এবং তারা ডিপিওকে সহযোগিতা করতে বা ডিআরপিএ অধিকার রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং ডিপিও কোন ধরনের অনুরোধ করলে কার্যকর ভূমিকা রাখতে পদক্ষেপ গ্রহণ করেন।

৯ - জেলার কিছু পেশাজীবীবৃন্দ ডিআরপিএ দ্বারা স্বীকৃত অধিকাংশ অধিকারের নাম এবং ৫টি কমিটির নাম বলতে সক্ষম, এবং তারা ডিপিওকে সহযোগিতা করতে বা ডিআরপিএ অধিকার সুরক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং তাদের নিজস্ব কার্যাবলী সক্রিয়ভাবে পালন করার মাধ্যমে প্রতিশ্রুতি রক্ষায় সচেষ্ট থাকেন।

১০ - জেলার বেশিরভাগ পেশাজীবীবৃন্দ ডিআরপিএ দ্বারা স্বীকৃত অধিকাংশ অধিকারের নাম এবং ৫টি কমিটির নাম বলতে সক্ষম, এবং তারা ডিপিওকে সহযোগিতা করতে বা ডিআরপিএ অধিকার সুরক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং তাদের নিজস্ব কার্যাবলী সক্রিয়ভাবে পালন করার মাধ্যমে প্রতিশ্রুতি রক্ষায় সচেষ্ট থাকেন এবং ডিপিওকে ভালোভাবে সহযোগিতা করেন।